উপজেলা পরিষদ
মোহনগঞ্জ,নেত্রকোণা

বিষয় ঃ মোহনগঞ্জ উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী ঃ

| | | |
|---|---|---|
| সভার তারিখ ও সময় | ঃ | ৩১ জুলাই-২০২২ খ্রিঃ, বেলা- ১১.৩০ ঘটিকা। |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ মিলনায়তন, মোহনগঞ্জ, নেত্রকোণা। |
| সভাপতি | ঃ | জনাব মোঃ শহীদ ইকবাল, চেয়ারম্যান, উপজেলা পরিষদ,মোহনগঞ্জ,নেত্রকোণা । |
| উপস্থিত সদস্য | ঃ | পরিশিষ্ট ''ক'' |

সভাপতি উপস্থিত সদস্যগনকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভার কাজ পরিচালনা করার জন্য জনাব ছাব্বির আহমেদ আকুঞ্জি, উপজেলা নির্বাহী অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণাকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সকলকে স্বাগত জানিয়ে আলোচ্যসূচি মোতাবেক সভার কাজ শুরু করেন। সভার শুরুতেই বিগত সভার কার্যবিবরণী পাঠান্তে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

**(১) ২০২১-২০২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বরাদ্দকৃত অর্থের প্রকল্প গ্রহণঃ-**

ক) উপজেলা প্রকৌশলী, মোহনগঞ্জ, নেত্রকোণা সভায় জানান যে, বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) ২০২২-২০২৩ অর্থ বছরের কোন বরাদ্দ পাওয়া যায়নি। তিনি বলেন, গ্রামীন যোগাযোগ ব্যবস্থার Connectivity বৃদ্ধি একটি দক্ষ সড়ক উন্নয়ন পরিকল্পনা প্রনয়নের জন্য গুরুত্বপূর্ণ। সড়ক এবং সড়ক অবকাঠামোর সুবিন্যস্থ তথ্য সম্বলিত একটি নির্ভরযোগ্য রোড ইনভেন্টরী তৈরীর জন্য সকল প্রকার সড়ক ইনভেন্টরীতে অন্তর্ভুক্তির বিকল্প নেই। কিন্তু অনেক গুরুত্বপূর্ণ গ্রাম সড়ক রোড ইনভেন্টরীতে অন্তর্ভুক্ত না হওয়ার কারনে সে সকল সড়ক উন্নয়ন করা সম্ভব হচ্ছে না ফলে " আমার গ্রাম আমার শহর" শীর্ষক প্রকল্পসহ অন্যান্য প্রকল্পের পল্লী অবকাঠামো উন্নয়নের কাংখিত সুফল গ্রামীন জনগনের নিকট পৌছানো কষ্টসাধ্য হয়ে পড়েছে। মোহনগঞ্জ উপজেলার যে সকল গ্রাম সড়ক এলজিইডির রোড ইনভেন্টরীতে অন্তর্ভুক্ত হয়নি তা পরিকল্পনা কমিশন কর্তৃক অনুমোদিত সঙ্গানুসারে শ্রেণীভুক্ত করে সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহিত ও অনুমোদিত হয়।

সিদ্ধান্তঃ ইনভেন্টরীতে অন্তর্ভুক্তযোগ্য রাস্তার তালিকা পরিশিষ্ট "খ" তে সন্নিবেশিত।

(২) বিভাগীয় উন্নয়নমূলক কাজের আলোচনা ঃ-

| ক্রঃ | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী মোহনগঞ্জ, নেত্রকোণা সভায় জানান যে, তাঁর দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি বলেন, এ উপজেলার অনেক রাস্তা আইডি ভুক্ত নয় । আইডি ভুক্ত নয় এমন রাস্তাগুলি আইডি ভুক্ত করার বিষয়ে প্রস্তাব প্রেরণের জন্য সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ করা হয়। তিনি আরো বলেন, বন্যায় ক্ষতিগ্রস্থ ০৫টি রাস্তার প্রাক্কলন তৈরী করা হচ্ছে। | আইডি ভুক্ত নয় এমন রাস্তাগুলি আইডি ভুক্ত করার প্রস্তাব সর্বসম্মতসিদ্ধান্ত গৃহিত হয়। উক্ত তালিকা পরিশিষ্ট "খ" তে সন্নিবেশিত। | উপজেলা প্রকৌশলী মোহনগঞ্জ,নেত্রকোণা |
| ০২ | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা শাখা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, বন্যায় ক্ষতিগ্রস্থ রাস্তার তালিকা প্রনয়নের জন্য ইউপি চেয়ারম্যানগণকে পত্র দেয়া হয়েছে। এছাড়া অফিসের স্বাভাবিক কার্যক্রম অব্যাহত আছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মোহনগঞ্জকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ০৩ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে, কোন সমস্যা নাই। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা কৃষি কর্মকর্তা, মোহনগঞ্জকে অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা। |
| ০৪ | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, মোহনগঞ্জ এর প্রতিনিধি সভায় জানান বন্যা পরবর্তী সময়ে এলাকার সাধারণ মানুষের ডায়রিয়াসহ বিভিন্ন পানিবাহিত রোগ বৃদ্ধি পাচ্ছে। সকলকে সচেতন থাকার অনুরোধ করেন। এছাড়া অফিসের স্বাভাবিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে মর্মেও তিনি জানান। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তাকে অনুরোধ জানানো হয় এবং পরবর্তী সভায় প্রতিষ্ঠান প্রধানকে উপস্থিত থাকার অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা |
| ০৫ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা সভায় জানান বন্যায় ক্ষতিগ্রস্থ কৃষকদের মধ্যে বিতরণের জন্য ০১(এক) টন গো-খাদ্য বরাদ্দ পাওয়া গেছে। উক্ত গো-খাদ্য সুষ্ঠুভাবে বিতরণ কাজে সকল ইউপি চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মোহনগঞ্জকে অনুরোধ জানানো হয় | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | বিভাগ | কাজ চলবে। সকলকে সহযোগিতা করার অনুরোধ করেন। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | নেত্রকোণা। |
| ১৩ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মোহনগঞ্জ সভায় জানান যে, উপজেলা পরিষদের ভিতরে জোড়াবাড়ির ভাড়ায় অফিসের কর্মচারীদের বেতন প্রদান করা হয়। জোড়াবাড়ির ০১টি আবাসিক ফ্ল্যাটে প্রাথমিক শিক্ষা বিভাগের কিছু বই রাখার ফলে ফ্ল্যাটটি ভাড়া দেয়া যাচ্ছে না। ফলে অনেক রাজস্ব বঞ্চিত হচ্ছে। জোড়াবাড়ির আবাসিক ভবন থেকে বই সরানোর জরুরি প্রয়োজনীয় ব্যবস্থা নিতে উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। তিনি তার দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে বলেও জানান। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা মোহনগঞ্জকে অনুরোধ জানানো হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ১৪ | পল্লী বিদ্যুৎ সমিতি | ডিজিএম, নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতি, জোনাল অফিস সভায় জানান যে, এ উপজেলায় পঞ্চাশ হাজার গ্রাহকের নিকট প্রায় ৬ কোটি টাকা বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে। হাসপাতাল কমপ্লেক্স ও উপজেলা পরিষদসহ উপজেলার সকল গ্রাহকের বকেয়া বিদ্যুৎ বিল আদায়ের বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতা করার জন্য অনুরোধ করেন। এছাড়া তার দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে । | কাজের ধারা অব্যাহত রাখার জন্য ডিজিএম, নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতি, মোহনগঞ্জকে অনুরোধ জানানো হয়। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, মোহনগঞ্জ। |
| ১৫ | প্রতিবন্ধী বিষয়ক অফিস | উপজেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা সভায় তাঁর অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে জানান। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, মোহনগঞ্জ। |
| ১৬ | উপজেলা পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, মোহনগঞ্জ, জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে কোন সমস্যা নেই । | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা পরিসংখ্যান কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা। |
| ১৭ | জাইকা প্রকল্প | সভায় ইউডিএফ, ইউজিডিপি, এলজিডি, মোহনগঞ্জ বলেন, প্রকল্পের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য ইউডিএফ, ইউডিডিপি, এলজিডি, অনুরোধ জানানো হয়। | ইউডিএফ, ইউজিডিপি,এলজিডি, |
| ১৮ | বড়কাশিয়া-বিরামপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, বড়কাশিয়া-বিরামপুর ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, ইউনিয়নের বন্যায় ক্ষতিগ্রস্থ রাস্তাগুলি জরুরিভিত্তিতে সংস্কার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করেন। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী, মোহনগঞ্জ, নেত্রকোণা। |
| ১৯ | বড়তলী-বানিয়াহারী ইউনিয়ন পরিষদ | সভায় চেয়ারম্যান, বড়তলী-বানিয়াহারী ইউনিয়ন পরিষদ বলেন, ইউনিয়নের নওগাঁও থেকে কাশিপুর পর্যন্ত রাস্তা এবং বরুংকা রাস্তা বন্যায় ক্ষতিগ্রস্থ হয়েছে। উক্ত রাস্তাদুটিতে মাটি ভরাট করা প্রয়োজন। এছাড়া অফিসের স্বাভাবিক কার্যক্রম সঠিকভাবে চলছে। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী মোহনগঞ্জকে অনুরোধ জানানো হয় । | উপজেলা প্রকৌশলী মোহনগঞ্জ, নেত্রকোণা। |
| ২০ | সমাজ সহিলদেও ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, সমাজ সহিলদেও ইউনিয়ন পরিষদ বলেন, পাবই থেকে সমাজ বাজার পর্যন্ত রাস্তা বন্যার পানিতে ডুবে গিয়েছিল ফলে রাস্তাটি ভেঙ্গে যায়। উক্ত রাস্তাটি দ্রুত মেরামত করা প্রয়োজন। তিনি সার ও ডিজেলের চাহিদা মোতাবেক মজুদ নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করেন। এছাড়া অফিসের স্বাভাবিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে বলে সভায় জানান। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা কৃষি অফিসার ও উপজেলা প্রকৌশলী মোহনগঞ্জকে অনুরোধ জানানো হয় । | উপজেলা কৃষি অফিসার ও উপজেলা প্রকৌশলী মোহনগঞ্জ |
| ২১ | গাগলাজুর ইউনিয়ন পরিষদ | সভায় চেয়ারম্যান, গাগলাজুর ইউনিয়ন পরিষদ বলেন, গাগলাজুর বাজার থেকে ইউনিয়ন পরিষদ অফিস পর্যন্ত রাস্তা ও ০১টি ব্রীজ বন্যায় ক্ষতিগ্রস্থ হয়েছে। গাগলাজুর | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার | উপজেলা প্রকৌশলী ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | গুচ্ছগ্রাম প্রকল্পের সাইডের মাটি বন্যায় সরে গেছে। ঝিমটি বাজার থেকে তেতুলিয়া পর্যন্ত রাস্তা বন্যার পানিতে ক্ষতিগ্রস্থ হয়েছে। উক্ত রাস্তাগুলি মেরামত করা প্রয়োজন। এছাড়া অফিসের স্বাভাবিক কার্যক্রম সঠিকভাবে চলছে। | মোহনগঞ্জকে অনুরোধ জানানো হয়। | মোহনগঞ্জ |

(৩) বিবিধ ঃ (ক) সভায় উপজেলা নির্বাহী অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা জানান, জন্ম ও মৃত্যু নিবন্ধন বিষয়ে পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও সচিবগণকে গত ১ বছরের জন্ম গ্রহণকারী সকল শিশুর তালিকা প্রণয়ন পূর্বক জন্ম নিবন্ধন সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। অনুরুপভাবে মৃত্যুর সংবাদ পাওয়ার সাথে সাথে দ্রুততার সাথে মৃত্যু নিবন্ধন সম্পন্ন করতে হবে। জন্মের ৪৫ দিনের মধ্যে জন্ম নিবন্ধন সম্পন্ন করার জন্য কার্যকরী উদ্যোগ গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।

খ) সভায় ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন, উপজেলা পরিষদের ১৭টি স্থায়ী কমিটির প্রতি দুই মাসে একটি করে সভা করার বিধান রয়েছে। তিনি বিধি মোতাবেক স্থায়ী কমিটির সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের বিষয়ে গুরুত্বারোপ করেন।

গ) সভায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন, উপজেলা পরিষদের কর্মকর্তা-কর্মচারীদের আবাসিক ভবন, ডরমেটরী ভবন ও ফ্লাড সেল্টারে বসবাস করার ফলে নির্ধারিত ভাড়ার টাকা দীর্ঘদিন যাবৎ উপজেলা পরিষদের রাজস্ব তহবিলে জমা করা হচ্ছে না। ফলে উপজেলা রাজস্ব তহবিলে অর্থ সংকটসহ উন্নয়নমূলক প্রকল্প গ্রহণ করা যাচ্ছে না। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সার্বিক আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়।

সিদ্ধান্ত ঃ উপজেলা পরিষদের কর্মকর্তা-কর্মচারীদের আবাসিক ভবন, ডরমেটরী ভবন ও ফ্লাড সেল্টারে বসবাস করার ফলে নির্ধারিত ভাড়ার হিসাব জরুরিভিত্তিতে দাখিল করার জন্য উপজেলা হিসাবরক্ষণ অফিসার, মোহনগঞ্জকে অনুরোধ করা হয় এবং বসবাসকারীদের বাড়ি ভাড়ার টাকা বিল হতে কর্তন/ উপজেলা রাজস্ব তহবিলে ( সোনালী ব্যাংক লিঃ, মোহনগঞ্জ শাখা চলতি হিসাব নং ২৫৬২) জমা প্রদানের প্রমাণ দাখিল করার জন্য সংশ্লিষ্ট সকলকে পত্র দেয়ার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।

গ) সভায় উপজেলা নির্বাহী অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা জানান, উপজেলা পরিষদের অভ্যন্তরে কমপ্লেক্স ভবন নির্মাণ স্থলে কয়েকটি গাছ কর্তনের বিষয়ে বিধি মোতাবেক প্রতিনিধি মনোনয়নের জন্য জেলা প্রশাসক, নেত্রকোণা মহোদয় বরাবরে পত্র দেয়া হলে জেলা প্রশাসক, নেত্রকোণা মহোদয় কার্যালয়ের ১২ জুন ২০২২ তারিখের ০৫.৪৫.৭২০০.০১১.৩৮.০০২.১৬.৪৭ নং স্মারক মূলে জেলা প্রশাসক মহোদয়ের প্রতিনিধি হিসেবে সহকারী কমিশনার(ভূমি), মোহনগঞ্জকে মনোনীত করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সার্বিক আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়।

সিদ্ধান্ত ঃ উপজেলা পরিষদ ম্যানুয়ালে বর্ণিত কমিটি কর্তৃক বিক্রয়যোগ্য গাছের প্রাক্কলন প্রস্তুত পূর্বক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়।

ঘ) জুন/২০২২ মাসের উপজেলা পরিষদ সভার পর থেকে ৩০.০৭.২০২২ খ্রিঃ পর্যন্ত উপজেলা পরিষদ সভায় উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যনগণের সম্মানী ভাতা, বাড়ী ভাড়া ভাতা, ভ্রমণ ভাতা, উপজেলা পরিষদের আপ্যায়ন, আনুষঙ্গিক খরচ, মালীর মজুরী এবং অন্যান্য আনুষঙ্গিক বিল পরিশোধের বিষয় সভায় উপস্থাপন করা হয়। উল্লেখিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত বিল পরিশোধে সর্বসম্মতিক্রমে অনুমোদন/ব্যয়োত্তর অনুমোদন দেয়া হয়।

| ক্রঃনং | ব্যয়ের বিবরণী | পরিমাণ |
|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণার জুন/২০২২ সম্মানী ও বাড়ী ভাড়া ভাতা। | ৪৫,০০০/- |
| ০২ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণার মে/ ২০২২ মাসের ভ্রমণ বিল । | ১১,২৫০/- |
| ০৩ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণার জুন/২০২২ মাসের সম্মানী ভাতা। | ২৭,০০০/- |
| ০৪ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণার মে/২০২২ মাসে ভ্রমণ বিল। | ৭,৫০০/- |
| ০৫ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণার জুন/২০২২ মাসের সম্মানী। | ২৭,০০০/- |
| ০৬ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণার মে/২০২২ ভ্রমণ বিল। | ৭,৫০০/- |
| ০৭ | উপজেলা পরিষদের মালীর জুন/২০২২ মাসের মজুরী প্রদান। | ১১০০০/- |
| ০৮ | উপজেলা পরিষদ চেয়ারম্যান ও ভাইস চেয়াম্যানগণের অফিসের জুন/২০২২ মাসের সভার আপ্যায়ন,আনুষঙ্গিক ব্যয়। | ২০.০০০/- |
| ০৯ | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের জুন/২০২২ মাসের দৈনন্দিন আপ্যায়ন, পরিষদ সভা, আইন শৃঙ্খলা সভাসহ বিভিন্ন সভার আপ্যায়ন। | ১৫,০০০/- |
| ১০ | উপজেলা পরিষদের ষ্ট্যান্ডিং কমিটির জুন/২০২২ মাসের সভার আপ্যায়ন ও আনুষঙ্গিক ব্যয় । | ৮,০০০/- |
| ১১ | ১৪২৯ বাংলা সনে হাট বাজার ইজারার জন্য বিজ্ঞাপন ব্যয়, ও অন্যান্য আনুষঙ্গিক ব্যয়। | ১৮৫৪০/- |
| ১২ | উপজেলা পরিষদের অভ্যন্তরের বিভিন্ন আগাছা, ড্রেন পরিস্কার পরিছন্ন বাবদ ব্যয়। | ১৫০০০/- |
| ১৩ | ঈদ-উল-আযহার সরকারি ছুটিতে উপজেলা পরিষদ আনসার দ্বারা পাহারা বাবদ ব্যয়। | ৪৭৫০/- |

CamScanner

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ শহীদ ইকবাল)
সভাপতি
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মোহনগঞ্জ, নেত্রকোণা।

কার্যবিবরণী নং- ০৫.৪৫.৭২৬৩.০০০.০৬.০০১.২০-৬৮৬(৪০) তারিখঃ ৩১ জুলাই.২০২২ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ-

০১. মাননীয় সংসদ সদস্য, মদন-মোহনগঞ্জ ও খালিয়াজুরী নির্বাচনী এলাকা ১৬০- নেত্রকোণা-৪।
০২. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
০৩. জেলা প্রশাসক, নেত্রকোণা।
০৪. চেয়ারম্যান,উপজেলা পরিষদ,মোহনগঞ্জ, নেত্রকোণা।
০৫. মেয়র, মোহনগঞ্জ পৌরসভা, মোহনগঞ্জ ,নেত্রকোণা।
০৬. সিনিয়র সহকারী সচিব,স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭. ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,মোহনগঞ্জ, নেত্রকোণা।
০৮. উপজেলা ...........................................................,.......অফিসার,মোহনগঞ্জ,নেত্রকোণা।
০৯. চেয়ারম্যান,...................................................................ইউ,পি (সকল), মোহনগঞ্জ, নেত্রকোণা।
১০. সংরক্ষণ নথি।

৩১/০৭/২২

(ছাব্বির আহমেদ আকুঞ্জি)
উপজেলা নির্বাহী অফিসার
মোহনগঞ্জ, নেত্রকোণা
ফোন: ০৯৫২৪-৫৬০১০
ই-মেইল: unomohonganj@yahoo.com

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দঃ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) " পরিশিষ্ট ক"

| ক্রঃ নং | উপস্থিত সদস্যগণ | ক্রঃ নং | অনুপস্থিত সদস্যগণ |
|---|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণা | ০১ | মেয়র, মোহনগঞ্জ পৌরসভা, মোহনগঞ্জ, নেত্রকোণা। |
| ০২ | উপজেলা নির্বাহী অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা | ০২ | উপজেলা শিক্ষা অফিসার, ঐ |
| ০৩ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঐ | ০৩ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ঐ |
| ০৪ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঐ | ০৪ | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, ঐ |
| ০৫ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, ঐ | ০৫ | উপজেলা সমবায় অফিসার, ঐ |
| ০৬ | সিঃ উপজেলা মৎস্য অফিসার, ঐ | ০৬ | সাবরেজিষ্ট্রার, মোহনগঞ্জ, নেত্রকোণা। |
| ০৭ | উপজেলা কৃষি অফিসার, ঐ | ০৭ | উপজেলা পাট উন্নয়ন অফিসার, ঐ |
| ০৮ | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, ঐ | ০৮ | উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার, ঐ |
| ০৯ | উপজেলা প্রকৌশলী, ঐ | ০৯ | উপঃ সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য) ঐ |
| ১০ | উপজেলা পঃ পঃ কর্মকর্তা, ঐ | ১০ | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, মোহনগঞ্জ, ঐ। |
| ১১ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, ঐ | ১১ | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স,ঐ |
| ১২ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ঐ | ১২ | ইনস্ট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, ঐ |
| ১৩ | উপজেলা প্রতিবন্ধী বিষয়ক অফিসার, ঐ | ১৩ | তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প, ঐ |
| ১৪ | উপজেলা সমাজসেবা অফিসার, ঐ | ১৪ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, ঐ |
| ১৫ | উপজেলা যুব উন্নয়ন অফিসার, ঐ | ১৫ | চেয়ারম্যান, মাঘান সিয়াধার ইউপি, মোহনগঞ্জ, ঐ। |
| ১৬ | ডেপুটি জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, ঐ | ১৬ | চেয়ারম্যান, তেতুলিয়া ইউপি, মোহনগঞ্জ, নেত্রকোণা। |
| ১৭ | উপজেলা নির্বাচন অফিসার, ঐ | ১৭ | চেয়ারম্যান, সুয়াইর ইউপি, মোহনগঞ্জ, নেত্রকোণা। |
| ১৮ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, ঐ | ১৮ | রোজিনা আক্তার, সংরক্ষিত আসনের সদস্য, উপজেলা পরিষদ, ঐ |
| ১৯ | মেডিকেল অফিসার, এসসিএইচএফপি, ঐ | | |
| ২০ | উপজেলা পরিসংখ্যান অফিসার, ঐ | | |
| ২১ | ইউডিএফ, ইউডিডিপি, এলজিডি, ঐ | | |
| ২২ | চেয়ারম্যান, বড়কাশিয়া বিরামপুর ইউপি, ঐ | | |
| ২৩ | চেয়ারম্যান, বড়তলী বানিয়াহারী ইউপি, ঐ | | |
| ২৪ | চেয়ারম্যান, সমাজ সহিলদেও ইউপি, ঐ | | |
| ২৫ | চেয়ারম্যান, গাগলাজুর ইউপি, ঐ | | |

CamScanner